

দৈনিক দিনবন্ধের সংবাদ

খবর তৈরী নয়-প্রকাশই আমাদের দায়িত্ব

২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ । রবিবার । ০৮ আশ্বিন ১৪২৬ বাংলা । ২২ মহররম হিঃ ১৪৪১ হিজরী

বাংলাদেশ গম ও ভূট্টা ইনস্টিটিউটে নতুন জাত পরিচিতি ও কৃষক প্রশিক্ষণ

স্টাফ রিপোর্টার ॥ বাংলাদেশ গম ও ভূট্টা ইনস্টিটিউট নশিপুরে গম ও ভূট্টার নতুন জাত পরিচিতি ও দিন ব্যাপী কৃষক-কিষানী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ২০শে সেপ্টেম্বর দিনাজপুর সদর উপজেলার নশিপুরে, বাংলাদেশ গম ও ভূট্টা গবেষণা ইনস্টিটিউটের আয়োজনে মহাপরিচালক ড. মোঃ এছরাইল হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) ড. মোঃ আমিনুর

রহমান, বিশেষ অতিথি সাবেক মহাপরিচালক নরেশ চন্দ্র দেববর্মা, অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ আব্দুল আউয়াল, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ বদরুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ মোস্তফা আলী রেজা, বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ মনোয়ার হোসেন, বৈজ্ঞানিক কর্মকর্তা মোঃ আসগার আহমেদ। ইনস্টিটিউট দিনব্যাপী প্রশিক্ষণে একাধিক শেখের পাতায় দেখুন

বাংলাদেশ গম ও

উপজেলা থেকে ৩০জন কৃষক-কিষানী অংশ গ্রহন করেন। এছাড়াও একাধিক উপজেলার কৃষি উপ-সহকারীগণ উপস্থিত ছিলেন। নতুন জাত পরিচিতি অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণার পূর্বে প্রধান অতিথি ইনস্টিটিউট প্রাক্তনে ফলজ ও নারিকেল চারা রোপন করেন। এ সময় ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মোঃ এছরাইল হোসেন, সাবেক মহাপরিচালক নরেশ চন্দ্র দেব বর্মা সহ সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। নতুন জাত পরিচিতি উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি তার মনোমুগ্ধকর বক্তব্য ও দিক নির্দেশনা মূলক বক্তব্য তুলে ধরে বলেন, "সব সাথকের বড়সাথক আমার দেশের চাষা/ দেশ মাতারই মুক্তি সে যে দেশের আশা"। অনেক খনার বচন ও তার উপমা দিয়ে প্রশিক্ষনার্থীদের বুঝানোর চেষ্টা করেন।